



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

বিসিসি ভবন, পল্টন নং-ই-১৪/এক্স, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

ফোনঃ ৮১৪৪০৪৬, ফ্যাক্সঃ ৯১২৪৬২৬, ই-মেইলঃ bcc@bcc.net.bd, ওয়েবঃ www.bcc.net.bd

তারিখঃ ২৪.০৩.২০১১

প্রেস বিজ্ঞপ্তি



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০১১ উদ্‌যাপন উপলক্ষ্যে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের ব্যবস্থাপনায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ২৪ মার্চ ২০১১ তারিখ বিসিসি-তে “সুখী, সমৃদ্ধ, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গঠনের লক্ষ্যে ডিজিটাল প্রযুক্তির সার্বজনীন ব্যবহার” শীর্ষক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী স্বপতি ইয়াফেস ওসমান। অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি জনাব মোঃ মোস্তফা জব্বার, তিনি ডিজিটাল শিক্ষা কাঠামো, ডিজিটাল সরকারের কাঠামো, সার্বজনীন সংযুক্তি, ডিজিটাল ডিভাইড হ্রাসের উপর গুরুত্বারোপ করেন। মূল প্রবন্ধের উপর আলোচনায় অংশ গ্রহণ করেন- বাংলাদেশ আণবিক শক্তি কমিশনের চেয়ারম্যান ড. ফরিদ উদ্দিন আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান সুরাইয়া পারভিন এবং বাংলাদেশ এসোসিয়েশন অব সফটওয়্যার এন্ড ইনফরমেশন সার্ভিসেস (বেসিস)-এর সভাপতি জনাব মাহবুব জামান।

আলোচনা অনুষ্ঠানটি পরিচালনা করেন বিসিসি'র কার্যনির্বাহী পরিচালক জনাব মোঃ মাহফুজুর রহমান,
এবং সভাপতিত্ব করেন বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব
জনাব দিলিপ কুমার বসাক।